মোংলায় ছাত্রদলের কেন্দ্রীয় নেতাসহ আটক ২

নিষিদ্ধ ড্রেজার মেশিন দিয়ে মোংলা পৌরসভার পানি সরবরাহ প্রকল্পের পুকুর থেকে বালু উত্তোলন করায় ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি ও বাগেরহাট জেলা বিএনপির সদস্য আবদুল হালিম খোকন ও তার সহোদর বাগেরহাট জেলা যুবদলের সদস্য কামরুল ইসলামকে আটক করেছে পুলিশ।

বুধবার ভোরে তাদের মোংলা শহরের কুমারখালী এলাকা থেকে আটক করা হয়। মোংলা থানার সেকেন্ড অফিসার আকরাম হোসেন জানান, নিষিদ্ধ ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলন করলে পুকুরের পাড় ভেঙ্গে পড়বে একই সাথে আশপাশের রাস্তা ক্ষতিগ্রস্থ হবে। এ কারনে বালু উত্তোলনের সাথে জড়িত দুই জনকে আটক করা হয়েছে।

এদিকে দুই নেতাকে আটকের ঘটনায় নিন্দা জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফকরুল ইসলাম আলমগীর। বিএনপির সহ দপ্তর সম্পাদক বেলাল আহম্মেদ স্বাক্ষরিত এক বিবৃতিতে নিন্দা ও প্রতিবাদ জানান এবং আটক আবদুল হালিম খোকনের নিঃশর্ত মুক্তির দাবি জানান।